

বটিয়াঘাটা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কমিটির নভেম্বর/২০২১ খ্রি: মাসের সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব চঞ্চলা মণ্ডল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভার তারিখ : ০৪/১১/২০২১খ্রিঃ।

সভায় উপস্থিত সদস্যদের তালিকা হাজিরা শিটে সংরক্ষিত আছে।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সেপ্টেম্বর/২০২১ খ্রিঃ মাসের মাসিক সভার কার্যবিবরণী পাঠান্তে কোনরূপ সংশোধনী ছাড়াই তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। সভায় নিম্নলিখিত এজেন্ডা সমূহ আলোচনা হয়। আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে যেসব সিদ্ধান্ত গৃহীত হয় তা নিম্নরূপ :

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
১।	উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স বিষয়ক	সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, বৈশ্বিক মহামারীর কারণে আমাদের সকলকে মাস্ক পরিধান নিশ্চিত করতে হবে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ভিতর একটি পাবলিক শৌচাগার প্রয়োজন। কোভিড-১৯ টিকা কার্যক্রম চলমান থাকায় জনগনের ব্যাপক আগমনের ফলে স্যানিটেশন সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে।	বিষয় গুলি প্রস্তাব আকারে উপজেলা পরিষদের/ উপজেলা আইন শৃঙ্খলা কমিটির পরবর্তী মাসিক সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।
২।	পরিবার পরিকল্পনা বিভাগের আলোচনা	সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, কোভিড-১৯ চলাকালীন সময়ে প্রতিটি সেবা কেন্দ্রে স্বাস্থ্য বিধি মেনে নিরাপদ দূরত্ব বজায় রেখে এবং মাস্ক পরিধান করে সেবা প্রদান করা হবে(No Mask no service policy)। তবে কোন সেবা গ্রহীতা মাস্কবিহীন অবস্থায় সেবা গ্রহণেচ্ছু হলে তাকে মাস্ক প্রদান এবং স্যানিটাইজার দিয়ে হাত জীবাণুমুক্ত করার পর সেবা প্রদানের ব্যবস্থা করা হবে।	সকল কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(চঞ্চলা মণ্ডল)


মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা
ও সভাপতি
স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কমিটি
বটিয়াঘাটা, খুলনা।

স্মারক নং:-উপপঅ/বটি/খুল/স্বা.ও পপক-২১/২০২১/ ২৫৫

তারিখ:-০৪/১১/২০২১খ্রিঃ।

অনুলিপি

১. উপপরিচালক, পরিবার পরিকল্পনা, খুলনা।
২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।
৩. উপজেলা নির্বাহী অফিসার, বটিয়াঘাটা, খুলনা।
৪. উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।
৫. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বটিয়াঘাটা, খুলনা।
৬. চেয়ারম্যান, গঙ্গারামপুর ইউনিয়ন পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।
৭. জনাব বিউটি রাণী বিশ্বাস, সদস্য, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কমিটি, বটিয়াঘাটা, খুলনা।
৮. অফিস নথি।


৪১৩১২০
(সেলিনা খাতুন)

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
বটিয়াঘাটা, খুলনা ও সদস্য সচিব
স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কমিটি